

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপ-সহকারী প্রকৌশলীর কার্যালয়, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
ডুমুরিয়া উপজেলা, খুলনা।



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নংঃ ৪৬.০৩.৪৭৩০.৪০১.২০.০৭৮.১৮-৮৫

তারিখঃ ২৩/০৬/২০২০ খ্রিঃ।

বিষয়ঃ পানি সরবরাহে আর্সেনিক ঝুঁকি নিরসন প্রকল্পের আওতায় আর্সেনিক স্ক্রিনিং কর্মক্রমে নলকূপ পরীক্ষক (টেস্টার) নিয়োগ প্রসঙ্গে।

সূত্রঃ ১। প্রকল্প পরিচালক, পানি সরবরাহে আর্সেনিক ঝুঁকি নিরসন প্রকল্প, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর ঢাকার দপ্তর স্মারক নং- ৪৬.০৩.০০০০.৫৩৭.১৪.৯৩.১৮-১৫৩ (৫৪), তারিখ-৩০/০১/২০২০ খ্রিঃ এবং
২। নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, খুলনা মহোদয়ের দপ্তর স্মারক নং- ৪৬.০৩.৪৭০০.০৬১.১৪.৩১৫.১৮-২০৫০/৯, তারিখ-০২/০৩/২০২০ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে আপনাকে জানানো যাচ্ছে যে, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরধীন gob সহায়তাপুষ্টি “পানি সরবরাহে আর্সেনিক ঝুঁকি নিরসন” প্রকল্পের আওতায় আর্সেনিক স্ক্রিনিং কর্মক্রম সম্পাদনের লক্ষে একটি ইউনিয়নের ২ সদস্য বিশিষ্ট ৩ টি দল অর্থাৎ মোট ৬ জন নলকূপ পরীক্ষক (টেস্টার) নিয়োগ করতে হবে। প্রতিটি ইউনিয়নে ৩ টি দল কাজ করবে এবং প্রতিটি দলে ১ জন করে নারী সদস্য অগ্রাধিকার পাবে।

এমতাবস্থায়, আপনার ইউনিয়নে উক্ত কাজ করার জন্য শর্ত অনুযায়ী (সংযুক্ত) সম্পন্ন ৩ টি দলে মোট ৬ জনকে নির্ধারণ করে তাদের নামের তালিকা আগামী ০৯/০৭/২০২০ ইং তারিখের মধ্যে অত্র দপ্তরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান,
.....ইউনিয়ন পরিষদ
ডুমুরিয়া, খুলনা।

(পৃথ্বীশ মন্ডল)
উপ-সহকারী প্রকৌশলী
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
ডুমুরিয়া উপজেলা, খুলনা।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ

১। নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, খুলনা জেলা, খুলনা।